রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জানুয়ারি ৩১, ২০২১**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ মাঘ, ১৪২৭/২৮ জানুয়ারি, ২০২১

নং **১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৪.০৮-১০১**।—যেহেতু The Representation of the People Order, 1972 (as amended up to date) এর আওতায় রাজনৈতিক দল হিসাবে নিবন্ধনের জন্য উক্ত আদেশের Article 90B এর শর্ত অনুযায়ী **“জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা”** নামীয় দল হিসেবে নির্বাচন কমিশনের কাছে আবেদন করা হয়েছিল এবং যার প্রেক্ষিতে **“জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা”** নামীয় দলকে নিবন্ধন প্রদান করা হয়েছিল। (নিবন্ধন নং-৩৬, তারিখ : ২৪-০৭-২০১৪);

যেহেতু উক্ত আইনের বিধান অনুযায়ী জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা এর সক্রিয় কেন্দ্রীয় দপ্তর, এক তৃতীয়াংশ জেলা দপ্তর, ১০০টি উপজেলা/থানা কার্যালয় দপ্তরের ঠিকানা ও কমিটির তালিকা এবং সংশ্লিষ্ট ১০০টি উপজেলা বা ক্ষেত্রমত থানার প্রতিটিতে ২০০ জন ভোটার সদস্য হিসাবে থাকার সমর্থনে (কমিটির সদস্যগণের এবং দলের ভোটার সদস্যগণের নাম, ঠিকানা এবং জাতীয় পরিচিত-এনআইডি নম্বরসহ) প্রামাণিক দলিলাদি দাখিল করার জন্য ২৪-১১-২০১৮ তারিখ হতে ১৫-১২-২০২০ তারিখ পর্যন্ত একাধিক বার পত্র দেয়া হয়। প্রেরিত পত্রের প্রেক্ষিতে উক্ত দলের পক্ষ হতে একাধিক বার সময়ের আবেদন করলে মাননীয় কমিশন সময় বৃদ্ধির আবেদন মঞ্জুর করেন। পরবর্তীতে ২৫-১০-২০২০ তারিখ এবং ২৭-১২-২০২০ তারিখের পত্রের মাধ্যমে দলটির দাখিলকৃত দলিলাদি যাচাইয়ান্তে দেখা যায় যে :

ক. এক তৃতীয়াংশ প্রশাসনিক জেলায় আবশ্যকীয়ভাবে কার্যকর দপ্তর থাকার শর্ত পূরণের ক্ষেত্রে দলটি মোট ১৮টি জেলার কমিটির তালিকা জমা দেন। তবে কোনো জেলাতেই কোনো দপ্তরের ঠিকানা প্রদান করেননি অর্থাৎ জেলা পর্যায়ে তাদের কোনো কার্যকর দপ্তর নেই।

খ. অন্যূন একশতটি উপজেলা বা ক্ষেত্রমত মেট্রোপলিটন থানায় কার্যকর দপ্তর থাকার শর্ত পূরণের ক্ষেত্রে মোট ৬৪ টি উপজেলা বা মেট্রোপলিটন থানার কমিটি জমা দেন তবে উপজেলা বা থানা পর্যায়ে দলটি কোনো দপ্তর বা কার্যালয়ের ঠিকানা প্রদান করেননি।

গ. প্রতি উপজেলায় বা মেট্রোপলিটন থানায় প্রতিটিতে অন্যূন দুইশত ভোটার সদস্য হিসাবে থাকিবার সমর্থনে কোনো প্রামাণিক দলিলাদি দাখিল করেননি।

ফলে রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা ২০০৮ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৯ এবং The Representation of the People Order, 1972 এর Article 90B (1) (a) (iii) এর শর্তাদি প্রতিপালনে ব্যর্থ হওয়ায় মাননীয় কমিশন উক্ত দলের নিবন্ধন বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করেন।

The Representation of the People Order, 1972 এর Article 90H (2) মোতাবেক শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তা জানানোর জন্য পত্র প্রেরণ করা হয়। উক্ত দল কর্তৃক শুনানীতে অংশগ্রহণ করতে ইচ্ছুক মর্মে পত্র প্রেরণ করা হলে ১৯ জানুয়ারি ২০২১ তারিখ নিবন্ধন বাতিলের বিষয়ে শুনানী অনুষ্ঠিত হয়। উক্ত শুনানীতে জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা এর পক্ষ হতে স্বীকার করা হয় যে, রাজনৈতিক দল নিবন্ধন বিধিমালা, ২০০৮ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর শর্তানুযায়ী এক তৃতীয়াংশ জেলা এবং ১০০টি উপজেলা বা থানায় তাদের কোনো দপ্তর বা কার্যালয় নেই। ১০০টি উপজেলা বা ক্ষেত্রমত থানার প্রতিটিতে ২০০জন ভোটার সদস্যও দলটির নেই।

যেহেতু, The Representation of the People Order, 1972 (as amended up to date) এর Article 90H এর sub clause (1)(d) অনুযায়ী clause (1)(b) of Article 90B এর শর্ত ভঙ্গ করলে রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল যোগ্য এবং মাননীয় নির্বাচন কমিশন এ কারণে **"জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা"** নামীয় দলের নিবন্ধন বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, clause (1)(b) of Article 90B এর শর্ত ভঙ্গ করায় The Representation of the People Order, 1972 (as amended up to date) এর Article 90H এর sub clause (1)(d) অনুযায়ী **"জাতীয় গণতান্ত্রিক পার্টি-জাগপা"** এর নিবন্ধন (নিবন্ধন নং-৩৬, তারিখ : ২৪-০৭-২০১৪) এতদ্বারা বাতিল করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ আলমগীর**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd